

জিয়া হত্যা কিংবা মুক্তিযোদ্ধা আর্মি অফিসার নির্মূল পরিকল্পনা বাস্তবায়ন ঃ অমিমাংশিত প্রশ্ন

নুরুজ্জামান মানিক

১৯৮১ সালের ৩০ মে প্রত্যুষে চট্টগ্রাম সার্কিট হাউসে ব্রাশ ফায়ারে নিহত হলেন মুক্তিযুদ্ধকালীন প্রথম ১ নং সেক্টর পরে জেড ফোর্স কমান্ডার তৎকালীন রাষ্ট্রপতি লে. জেনারেল জিয়াউর রহমান বীর উত্তম ।

২। প্রচার করা হল ,লে. কর্নেল মতিউর রহমান বীর উত্তম (পাকিস্তান থেকে পালিয়ে মুক্তিযুদ্ধে যোগ দেয়া প্রথম দলে ছিলেন লে মতি ,জেনারেল ওসমানির নির্দেশে তিনি সেক্টর ১০ ও ১১ তে গেরিলা এডভাইজার ছিলেন) রাষ্ট্রপতিকে গুলি করেছেন ।

৩। অভ্যুত্থান এর দায়দায়িত্ব বর্তানো হল চট্টগ্রাম সেনানিবাসের তত্ কালীন এরিয়া কমান্ডার ২৪ পদাতিক ডিভিশনের জিওসি মেজর জেনারেল এম এ মঞ্জুর বীর উত্তম এর উপর । স্মৃত্য, একাত্তরে ১৬ ডিসে ঢাকায় ঐতিহাসিক রেসকোর্স ময়দানে যৌথ বাহিনীর কাছে পাকিস্তানি হানাদার বাহিনী আত্মসমর্পণ করে। তার ৯ দিন আগেই যশোর সেনানিবাসের পতন হয়েছিল ৭ তারিখে যশোর সেনানিবাসের পাকিস্তান ট্যাংক রেজিমেন্টের একটি দল আত্মসমর্পণ না করে খুলনার শিরোমনিতে পজিশন নেয়। কথিত আছে যে, তারা ৭ম নৌবহরের আশায় খুলনা হয়ে বঙ্গোপসাগরের দিকে সরে যাচ্ছিল। কিন্তু মুক্তিযোদ্ধাদের প্রচন্ড আক্রমণের মুখে পাকবাহিনীর ট্যাংক রেজিমেন্টের ওই দলটি আত্মসমর্পণ করতে বাধ্য হয়েছিল। ওই অপারেশনটির নাম 'ব্যাটল অব শিরোমনি' এবং অপারেশনের কমান্ডার যিনি দুই হাতে দুই এসএলআর উঁচিয়ে ফায়ার করতে করতে ট্যাংকের ভেতরে ঢুকে গিয়েছিলেন তিনি হচ্ছেন ৮ নং সেক্টর কমান্ডার লে. কর্নেল (পরবর্তীকালে মেজর জেনারেল) এমএ মঞ্জুর, বীরউত্তম।

৪। দুদিন পরেই মেজর জেনারেল এমএ মঞ্জুর বীর উত্তম ,লে. কর্নেল মতিউর রহমান বীর উত্তম ,লে কর্নেল মাহবুবুর রহমান বীর উত্তম কে হত্যা করা হয় । জিয়া হত্যার কলঙ্ক মাথায় নিয়ে তারা চলে যেতে বাধ্য হলেন এই দুনিয়া থেকে । যে দেশের স্বাধীনতার জন্য তারা জীবন বাজি রেখে সেই দেশের জনগন আজও জানে না তাদের কপালে সাড়ে তিন হাত মাটি জুটেছিল কিনা ,কোথায় তাদের কবর ?

৫। ব্রিগেডিয়ার মহসিন ,লে ক মাহফুজুর রহমান ,লে ক দেলোয়ার হোসেন , কর্নেল নওয়াজেস সহ ১৩ জন বীর মুক্তিযোদ্ধাকে দেয়া হল ফাঁসি ।

তারা কি সত্যি জিয়া হত্যায় জড়িত ছিলেন ? নাকি হত্যাকারীদের আড়াল করতেই তাদের মারা হল? নাকি মুক্তিযোদ্ধা আর্মি অফিসার নির্মূল পরিকল্পনা বাস্তবায়ন করা হল ? মেজর মনজুর বা মতিয়ুর কে কেন বিচারের সম্মুখিন করা হল না ? কারা ছিল খলনায়কের ভূমিকায় ? জিয়ার সফর সাথীরা বেচে গেলেন কিভাবে ? নেপথ্যে ছিল কারা ? কোন বিদেশি শক্তি ছিল কি ? আজও কি রহস্যবৃত হয়ে থাকবে জিয়া ,মেজর মনজুর বা মতিয়ুর হত্যার মূল ঘটনা? ভাসুরের নাম নেয়ার কি সময় হয়নি এখনো ?